


An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

PUBLISHED ON:
APRIL 2025

# অ্যাসোসিয়েশন সংবাদ-২৮৫

## এপ্রিল ২০২৫

**ASSOCIATION SAMBAD APRIL 2025**

Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

## সম্পাদকের কলমে

"নাই গগনে মেঘের ছায়া, যেন স্বচ্ছ স্বর্গকায়া
ভুবন ভরা মুক্ত মায়া, মুগ্ধ-হৃদয় চেয়ে।।"

চৈত্র সংক্রান্তির নিশি অবসানে, নতুন সূর্যের আলোতে মাখামাখি হয়ে, বয়ে চলা রীতি, অগ্নিস্নানে শুচি হয়ে, আবারও আসতে চলেছে নতুন এক বছর। প্রযুক্তির জোয়ারে, উন্নত শহর তলিতে বসবাসরত বাঙালির জীবনে, আজও এই শুভক্ষণ উপস্থিত হলে, অনেকেরই শিরায় শিরায় রক্তকণায়, কত ছায়া ছায়া দিন, উজান বেয়ে মনকে গ্রাস করে। গ্রামীণ ও মফস্বল সংস্কৃতির চল হিসাবে, বাংলা নববর্ষের সকালে, সেই জল ঢালা পান্তা ভাত, ডালের বড়ার টক, কাঁচা লঙ্কা পুড়িয়ে সর্ষের তেল আর লবণ মাখানো আলুসিদ্ধ সঙ্গে ভাজা পুঁটি মাছ, প্রায় সবই, আধুনিকতার মোড়কে, রূপ বদলে জায়গা করে নিয়েছে সুশোভিত রেস্তোরাঁয়, বাসন্তী পোলাও, ইলিশ ভাপা, চিংড়ির মালাইকারী, ভেটকি পাতুরি এইসব রাজসিক পদে। বিশ্বায়নের যুগে, ছোট ছোট শহরগুলোতেও, চৈত্র সেলের বিশেষ ছাড়ে কেনা, নতুন পোশাকের আনকোরা গন্ধ, অনেকের নাকে ঝাপটা দেয় না আজকাল। বরং অনেকেই পুরানো ঐতিহ্যকে স্মরণে রেখে, সুশোভিত ব্র্যান্ডেড শোরুম বা পছন্দের ডিজাইনার বুটিক থেকে, নিজেদের ঐতিহ্যবাহী পোশাক কিনে নিতে বেশি আগ্রহী হন।

পৃথিবী, তার ছন্দময় গতিতে প্রতিদিনই একটু একটু করে বদলাচ্ছে। তবুও শিকড়ের টানে, হৃদয়ের জানালায় চোখ মেলে, আজও কিছু মানুষ দেখতে পান, ছোট বড় প্রায় সমস্ত ব্যবসায়ীরা, নিজ দোকানের জমে থাকা পুরানো ঝুল ময়লা পরিষ্কার করিয়ে, নতুন উদ্যোগে নতুন বছরকে স্বাগত জানাতে ব্যস্ত। চোখ বন্ধ করলেই তাঁরা দেখতে পান, সেই ব্যবসায়ীরা নববর্ষের সকালে স্নান সেরে, ধুতি পাঞ্জাবি বা নতুন বস্ত্র পরিধান করে, লাল রঙের 'হালখাতা', মন্দিরে দেবতার পায়ে স্পর্শ করিয়ে, লাল টকটকে সিঁদুরে স্বস্তিকা চিহ্ন এঁকে, নতুন বছরের হিসাব শুরু করতে চলেছেন। কত শত মানুষ আজও, স্মৃতির সরণি বেয়ে চোখ বন্ধ করলে দেখতে পান, নববর্ষের সন্ধ্যায় পাড়ার দোকানে যৎসামান্য টাকা দিয়ে খাতা খোলার রীতি, পুরানো বকেয়া হিসাব মিটিয়ে ব্যবসায়িক সম্পর্ককে তরতাজা রাখার প্রক্রিয়া, দোকানের সামনে রাখা কাঠের ফোল্ডিং চেয়ারে বা নিচু টুলে বসে, লাল নীল সবুজ প্লাস্টিক গ্লাসে ঠান্ডা পানীয় উপভোগ করা এবং পরিশেষে মিষ্টির প্যাকেট ও ক্যালেন্ডার হাতে বাড়ি

ফেরার সেই পরিতৃপ্ত অনুভূতি।

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লির অধ্যক্ষ শ্রী তপন রায়, সাধারণ সম্পাদক শ্রী প্রদীপ গাঙ্গুলী এবং আমাদের সমস্ত কার্যনির্বাহী সমিতির সদস্যদের তরফ থেকে, সকল সদস্য, তাদের পরিবারবর্গ এবং দিল্লিবাসীকে **বাংলা নববর্ষের অসংখ্য শুভেচ্ছা, আন্তরিক প্রীতি ও শুভকামনা রইল**। নতুন বছরের নতুন যাত্রা সুখ আর সমৃদ্ধিময় হয়ে উঠুক। **শুভ নববর্ষ ১৪৩২**।

## বেঙ্গল অ্যাসোসিয়েশনের নিজস্ব সংবাদ

দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের একক উদ্যোগে, অজস্র বইপ্রেমী তথা সংস্কৃতি প্রেমী মানুষের আনন্দঘন অংশগ্রহণে, চারদিন ব্যাপী দ্বাবিংশতিতম দিল্লি বইমেলা, সাহিত্য উৎসব এবং লোকসংস্কৃতি উৎসব, সাড়ম্বরে পালিত হল। আমরা দিল্লির ইন্ডিয়া গেটের সন্নিকটে, ৫ নম্বর অশোকা রোডের সুবৃহৎ পরিসরে, এবারের বইমেলার আয়োজন করে, ঐতিহ্য এবং সম্প্রীতির বার্তাবাহক হিসাবে, রাজধানী শহরের আপামর বাঙালি সংস্কৃতি মনস্ক ব্যক্তি তথা নতুন প্রজন্মের কাছে, আবারও প্রমাণ করার সুযোগ পেলাম, যদি আমাদের মননে, ঐতিহ্যের শিকড়, মাতৃভাষার প্রতি ভালোবাসা সুদৃঢ় থাকে, তাহলে আমরা যে কেউই, দূরের আকাশকে এক লহমায় ছুঁয়ে ফেলতে পারি। আমাদের মাননীয় সভাপতি তপন রায় এবং সাধারণ সম্পাদক প্রদীপ গাঙ্গুলী সহ, কার্যকরী সমিতির প্রায় সকল সদস্যের সম্মিলিত সিদ্ধান্তে, এবারের দ্বাবিংশতিতম বইমেলা কমিটির চেয়ারম্যান এবং আহ্বায়ক পদে নিযুক্ত হয়েছিলেন, আমাদের সম্মানীয় প্রবীণ সদস্য, শ্রী দেবাশিষ ভৌমিক এবং শ্রী মৃনাল কান্তি বিশ্বাস। এই দুজন অভিজ্ঞ কর্মোদ্যোগী ব্যক্তির সুদক্ষ পরামর্শে ও আন্তরিক আহ্বানে, রাজধানী অঞ্চলের নানা প্রান্ত থেকে, এক ঝাঁক তরুণ যুবক, স্বেচ্ছাসেবকের ভূমিকা গ্রহণ করে, উদয়াস্ত পরিশ্রম করে, এই মিলনমেলাটিকে সার্থক করে তুললেন। অগণিত মানুষ আবারও টের পেলেন, প্রবীণ সদস্যদের বিশ্বাস ভরসা পেলে, সুপরামর্শ মাথায় থাকলে, অপেক্ষাকৃত নবীনরাও কিছু করে দেখাতে পারেন।

দিগঙ্গন সাহিত্য পত্রিকার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে, বইমেলা প্রাঙ্গণে একটি বিশেষ অনুষ্ঠানে, দিগঙ্গন পত্রিকার বিশেষ সংকলনের মোড়ক উন্মোচন মুহূর্ত, মঞ্চে উপবিষ্ট একগুচ্ছ গুণী মানুষের সান্নিধ্যে, সাড়ম্বরে যাপিত হয়েছে। প্রায় ৩০০ পাতার অধিক এই বিশেষ সঙ্কলনটি, বিগত ৫০ বছরে প্রকাশিত কিছু মূল্যবান লেখা দিয়ে সযত্নে সাজানো হয়েছে। এই মুহূর্তে এই বিশেষ সংখ্যাটি,

আমাদের মুক্তধারা বুকশপে বিক্রির জন্য রাখা হয়েছে। এবারের বইমেলায় আগ্রহী পাঠক ও ক্রেতাদের জন্য, কলকাতা থেকে আগত বিভিন্ন প্রকাশক সংস্থার বইয়ের সম্ভার যেমন ছিল, ঠিক তেমনই গন্যমান্য সাহিত্যিকগণের উজ্জ্বল উপস্থিতি ও সাহিত্য সম্পর্কিত নানা মনোজ্ঞ অনুষ্ঠানের পরিকল্পনাও নেওয়া হয়েছিল। পঞ্চাশাধিক বইয়ের স্টল থেকে, বহু মানুষ তাঁদের পছন্দ মতো বই যেমন হাতে তুলে নিলেন, সাথে সাথে, রসনা তৃপ্তিতে, এক পেয়ালা চা বা কফিতে চুমুক দিয়ে, আস্বাদন করলেন মুখরোচক ভেটকি ফিশ ফ্রাই সহ অন্যান্য নানাবিধ লোভনীয় খাদ্য সম্ভারে।

প্রতিদিন সন্ধ্যায়, জনপ্রিয় সঙ্গীত শিল্পীদের উপস্থিতিতে সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছিল। এবারের সাংস্কৃতিক অনুষ্ঠানের মূল মঞ্চ, বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লির একজন কর্মনিষ্ঠ সহযোগী এবং আমাদের মুক্তধারা প্রেক্ষাগৃহের একজন সুনিপুন আলোক সম্পাত শিল্পী প্রয়াত তারক সরকারকে শ্রদ্ধা জানিয়ে উৎসর্গ করা হয়েছিল। সাংস্কৃতিক সন্ধ্যার শুভসূচনায়, বেঙ্গল অ্যাসোসিয়েশন কয়্যার, সারিবদ্ধ মিশ্রিত কণ্ঠস্বরে, নিবেদন করলেন বেশ কিছু বাছাই জনপ্রিয় গান। রাজধানী অঞ্চলের গুণী শিল্পীদের, নানাবিধ পরিবেশনের সাথে, নতুন প্রজন্মের বহু শিশু শিল্পীরা প্রত্যেকদিন সন্ধ্যায়, সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নিয়েছিল। বিশেষ আকর্ষণ হিসাবে এবারের বইমেলায়, আমন্ত্রিত শিল্পী হিসাবে, সঙ্গীত পরিবেশনে উপস্থিত ছিলেন, অনন্যা চক্রবর্তী এবং সৌরভ মণি। বইমেলার সমাপ্তি দিনে, সৌরভ মণির লোক সঙ্গীত পরিবেশনা, এক অনবদ্য পরিবেশ সৃষ্টি করেছিল যা আগত দর্শকের মনে, চিরস্থায়ী জায়গা করে নিতে সক্ষম হয়েছে।

এবারের বইমেলা, আগত অগণিত দর্শক একটু ভিন্ন আঙ্গিকে দেখার সুযোগ পেয়েছেন। মূল আকর্ষণ হিসাবে, 'আমাদের স্বাধীনতার পঁচাত্তর বছর এবং তার পরেও...' নামক একটি বিশেষ প্রদর্শনী উপলক্ষ্যে, আমাদের সাথে ছিলেন, 'কলকাতা কথকতা' নামে কলকাতার বিখ্যাত সংগ্রাহক এবং বিশিষ্ট ব্যক্তিদের একটি দল। ওনাদের একমাত্র লক্ষ্য হিসাবে, ওনারা পুরোনো দিনের স্মৃতি রক্ষার মাধ্যমে, আমাদের ঐতিহ্যকে সম্মানের সাথে পরবর্তী প্রজন্মের কাছে পরিচিত করার সুযোগ পেয়েছেন। 'কলকাতা কথকতা' একটি অন্যতম দল হিসেবে, বহু বছর ধরে ইতিহাস, ঐতিহ্য, শিল্প, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক ম্যাগাজিনের প্রদর্শনী, আলোচনা ও প্রকাশনায় সক্রিয় হয়ে কাজ করে চলেছেন। এবারের বইমেলায়, ওনাদের উজ্জ্বল উপস্থিতিতে, সংস্কৃতিপ্রেমী মানুষেরা বিশেষ করে


শুভ নববর্ষ
BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
শুভেচ্ছা
সভ্যবৃন্দ
বেঙ্গল অ্যাসোসিয়েশন
নিউ দিল্লি

নবীন প্রজন্ম, অতীত দিনের ইতিহাস সম্পর্কে যেমন জানতে পারলেন ঠিক তেমনই আমাদের হারিয়ে যাওয়া সময়কে, আমরা সকলে আরও একবার চাক্ষুস করার সুযোগ পেলাম।

## বেঙ্গল অ্যাসোসিয়েশনের আগামী অনুষ্ঠান

আগামী ১৩ই এপ্রিল রবিবার, বেঙ্গল অ্যাসোসিয়েশনের উদ্যোগে, 'মুক্তধারা' প্রেক্ষাগৃহে, 'বিশ্ব নাট্য দিবস' উপলক্ষ্যে, সারাদিন ব্যাপী একগুচ্ছ অণু নাটকের মঞ্চায়ন করা হবে। এই বিশেষ অনুষ্ঠানকে ঘিরে দিল্লি এবং সন্নিহিত অঞ্চলের প্রায় ২০টি নাট্যদল এই উদ্যোগে অংশ নিয়ে ওনাদের প্রযোজিত নাটক মঞ্চস্থ করবেন। গতবারের ন্যায়, এবারেও বিশ্বনাট্য দিবসে, আমরা আয়োজন করতে চলেছি, লুপ্তপ্রায় পোস্টার প্রতিযোগিতার। প্রসঙ্গতঃ উল্লেখ্য, শুধুমাত্র নাটককে কেন্দ্র করে এই পোস্টার প্রতিযোগিতার আয়োজন, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের উদ্যোগ ছাড়া, সম্ভবতঃ ভারতবর্ষে তথা রাজধানী দিল্লিতে আগে কখনও হয়নি। প্রতিযোগিতার নিয়মানুযায়ী, প্রত্যেক নাট্যদল তাঁদের প্রযোজিত নাটকের উপর একটি পোস্টার বানিয়ে এই প্রতিযোগিতায় অংশ নেবেন। বিশেষজ্ঞ বিচারকের তত্ত্বাবধানে, সেরা পোস্টার বেছে নিয়ে পুরস্কৃত করা হবে। অবাধ প্রবেশের মাধ্যমে, সকলকে স্বাগত জানাই।

আগামী ১৪ই এপ্রিল সোমবার, প্রতি বছরের ন্যায় এবছরেও বেঙ্গল অ্যাসোসিয়েশনের 'বর্ষ বিদায় বর্ষ বরণ' অনুষ্ঠান পালিত হবে। সান্ধ্যকালীন এই বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠানে, দিল্লির বিশিষ্ট শিল্পীরা সঙ্গীত এবং নৃত্য পরিবেশনে উপস্থিত থাকবেন। অনুষ্ঠান শেষে সকলে মিলে মিষ্টিমুখ করে, নতুন বাংলা বছরকে আহ্বান জানাবো আমরা। বেঙ্গল অ্যাসোসিয়েশনের সকল সদস্য এবং শুভাকাঙ্খীদের সাদর আমন্ত্রণ রইল।

আগামী ২৬ এপ্রিল, বিশ্ব নৃত্য দিবস উদযাপন উপলক্ষ্যে, বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি এবং প্রান্তিক কালচারাল সোসাইটির যৌথ উদ্যোগে, মুক্তধারা মঞ্চে, নৃত্যপ্রবাহ শীর্ষক একটি অসামান্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই বিশেষ আয়োজনে, ঐতিহ্য এবং রূপান্তরের এই বিশাল টেপেস্ট্রিতে, আপনারা একই মঞ্চে, ভরতনাট্যমের ভাস্কর্যপূর্ণ পবিত্রতা থেকে শুরু করে, কথক, ওড়িশি এবং কথাকলির পৌরাণিক মহিমা সমৃদ্ধ যাবতীয় পদক্ষেপ, একটি চিরন্তন স্পন্দনের সাথে প্রতিধ্বনিত হতে দেখার সুযোগ পাবেন। ভারতীয় নৃত্যের এই


বর্ষবিদায় বর্ষবরণ
আয়োজনে
BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
১৪ই এপ্রিল ২০২৫ , সন্ধ্যা ৭:০০
মুক্তধারা অডিটোরিয়াম, বঙ্গ সংস্কৃতি ভবন,
১৮ - ১৯ ভাই বীর সিং মার্গ, গোল মার্কেট
নিউ দিল্লি ১১০০০১

উপাসনা সন্ধ্যায়, আপনাদের সকলকে সাদর আমন্ত্রণ জানাই। বিস্তারিত তথ্য জানতে আপনারা আমাদের ফেসবুক পেজে চোখ রাখতে পারেন।


আগামী ৪ঠা মে রবিবার সকাল সাড়ে ছ'টায়, গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৪তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে, মান্ডি হাউসের সন্নিকটে কোপারনিকাস মার্গের রবীন্দ্র ভবন প্রাঙ্গণে, আমরা প্রতিবছরের ন্যায় এবছরেও, ঐতিহ্যবাহী প্রভাতী অনুষ্ঠানের আয়োজন করতে চলেছি। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন আয়োজিত, রাজধানী দিল্লি শহরের সর্ববৃহৎ এই প্রভাতী অনুষ্ঠানে, যেকোনো উৎসাহী ব্যক্তি, গান, কবিতা, নৃত্য, নাট্যাংশ বা পাঠে অংশ নিতে পারেন। আবেদন ও নিয়মাবলী সম্পর্কিত বিজ্ঞপ্তি, কিছুদিনের মধ্যেই সকলের সাথে শেয়ার করা হবে। অংশগ্রহণে ইচ্ছুক সকলকে, আমাদের ফেসবুক পেজে নজর রাখার অনুরোধ জানাই।

## শোক সংবাদ

গত ১৮ই ফেব্রুয়ারী, রাজধানী দিল্লির বিশিষ্ট নাট্যদল, ড্রামা সোসাইটি আকৃতির অন্যতম প্রতিষ্ঠাতা এবং উল্লেখযোগ্য মঞ্চাভিনেতা শ্যামল তালুকদার মহাশয় পরলোক গমন করেন। বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লির তরফ থেকে, ওনার বিদেহী আত্মার শান্তিকামনা এবং পরিবারের প্রতি সমবেদনা জানাই।

## আনন্দ সংবাদ

দেশ বিদেশ থেকে শুরু করে বাঙালির প্রাণকেন্দ্রে, আমরা যখন বিভিন্ন ক্ষেত্রে ক্রমশ পিছিয়ে যেতে বসেছি, ঠিক সেই সময় এক বাঙালি মহিলা, গায়ত্রী চক্রবর্তী স্পিভাক, নতুন করে আমাদের সকলের দৃষ্টি আকর্ষণ করলেন। কলকাতার প্রেসিডেন্সি কলেজের এই প্রাক্তনী তথা বিশ্বখ্যাত চিন্তাবিদ ও সাহিত্যতাত্ত্বিক, হিউম্যানিটিজে 'নোবেল' সম্মানে ভূষিত হয়েছেন। মানব বিদ্যায় যেহেতু নোবেল পুরস্কার নেই তাই অসামান্য অবদানের স্বীকৃতি হিসেবে সম্মানজনক হোলবার্গ পুরস্কারকে, অনেকেই হিউম্যানিটিজের নোবেল বলে গণ্য করেন। গায়ত্রী দেবীর লেখা 'Can the Subaltern Speak?' প্রবন্ধটি, উপনিবেশ-উত্তর চিন্তাধারার অন্যতম ভিত্তি হিসেবে, বিবেচিত হয়ে বহুল জনপ্রিয়তা অর্জনে সক্ষম হয়েছে। ওনার সম্মানপ্রাপ্তিতে আমরা গর্বিত। বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লির তরফ থেকে ওনাকে অকুণ্ঠ শ্রদ্ধা ও অভিনন্দন জানাই।




রবীন্দ্র জয়ন্তী উপলক্ষে
প্রভাতী অনুষ্ঠান
৪ঠা মে, ২০২৫ রবিবার
সকাল ৬-৩০ টায়
রবীন্দ্র ভবন প্রাঙ্গণ
মাণ্ডি হাউস
"Thou hast made me endless,
such is thy pleasure.
This frail vessel thou emptiest again and again,
and fillest it ever with fresh life.
This little flute of a reed
thou hast carried over hills and dales,
and hast breathed though it melodies eternally new.
At the immortal touch of thy hands
my little heart loses its limits in joy
and gives birth to utterance ineffable."
BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
Rabindra Jayanti Celebration
RABINDRA BHAWAN LAWNS
MANDI HOUSE, NEW DELHI
4TH MAY 2025, SUNDAY
6:30 AM ONWARDS
আমার প্রানের মানুষ
আছে প্রানে

# বিশেষ সংবাদ

গত ৮ই মার্চ, দিল্লির চিত্তরঞ্জন পার্কে আমাদের কথা শীর্ষক আন্তর্জাতিক নারী দিবস সাড়ম্বরে উদযাপন করলেন, রাজধানী দিল্লির সহচরী মহিলা গ্রুপ। সমগ্র অনুষ্ঠানটি, চার ভাগে বিভক্ত করে, সুচারু ভাবে সম্পন্ন করা হয়। প্রথম পর্বের 'নারী তুমি ধন্যা' বিভাগে, উপস্থিত ছিলেন, যৌন নিপীড়িত মহিলাদের কাউন্সেলিং, সঠিক চিকিৎসা, আইনগত পরামর্শ ও সহায়তা প্রদানকারী 'পরী ফাউন্ডেশন' এবং দেহ ব্যবসার শিকার হওয়া মহিলাদের সাহায্যকারী হিসাবে কর্মরত সংস্থা, 'উৎকর্ষ সেবা ভারতী'র প্রতিনিধিরা।

দ্বিতীয় পর্বের 'আমি নারী, আমি মহীয়সী' শীর্ষক বিভাগে, উপস্থিত ছিলেন, অ্যাসিড আক্রমণের শিকার হওয়া মহিলাদের অশ্রুত কণ্ঠস্বর তুলে ধরার ব্রত নিয়ে কর্মরত, 'ছানভ ফাউন্ডেশন' সংস্থার পক্ষ থেকে দুই বিশিষ্ট ব্যক্তি। তৃতীয় পর্বের 'সবলা' শীর্ষক বিভাগে, আজকের প্রজন্মের আত্মবিশ্বাসী নারীরা, সমাজ, পরিবার ও কর্মক্ষেত্রে নারীর ভূমিকা সম্পর্কিত আলোচনায়, উপস্থিত সকলকে সমৃদ্ধ করেন। চতুর্থ এবং শেষ পর্বে 'আমাদের কথা - ঘরে বাইরে' শীর্ষক বিভাগে, সহচরীরা, মহিলাদের জীবনের নানা ঘাত প্রতিঘাতকে ঘর ও বাইরের সাথে কিভাবে সামঞ্জস্য বজায় রেখে চলতে হবে, এব্যাপারে আলোকপাত



করেছিলেন। এইভাবে নানা গুরুত্বপূর্ণ আলোচনার সাথে, বিভিন্ন নারী বিষয়ক গান ও নৃত্য পরিবেশনায় অনুষ্ঠানটি অত্যন্ত মনোগ্রাহী হয়ে উঠেছিল।

গত ১৬ই মার্চ মধুমাস বসন্তের এক মনোরম সন্ধ্যায়, মাতৃমন্দির লাইব্রেরী ঘরে বসেছিল 'বঙ্গ সংস্কৃতির আসর'। রঙের উৎসব দোল যাত্রার মাসে যখন রাজধানী দিল্লি ফুলের সাজে রঙিন হয়ে উঠেছিল, ঠিক সেই মুহূর্তে, প্রতি মাসের মতো এবারেও আসর শুরু হয়েছিল 'বাংলার মাটি বাংলার জল' গানটি দিয়ে। উপস্থিত সকলকে রঙিন আবিরের ফোঁটা দিয়ে, আসরের নিয়ম মেনে, মার্চ মাসে জন্মগ্রহণ করেন যে সকল মণীষীগণ, তাঁদের নাম পড়ে শোনানো হয়। এরপর উপস্থিত গুণীজনের সম্মিলিত উদ্যোগে, বসন্তের গান, পদাবলী কীর্তন, রজনীকান্তের গান সহ অনবদ্য আবৃত্তির ছন্দে মেতে উঠেছিল আসর। উপস্থিত সুধীবৃন্দের মধ্যে, যাঁদের জন্মমাস, তাঁদের সকলকে আসরের পক্ষ থেকে একটি লাল গোলাপ দিয়ে তাঁদের দীর্ঘ সুস্থ ও সফল জীবনের প্রার্থনা করা হয়। এরপর অনুষ্ঠানের শুভ সমাপ্তি ঘটে, 'মোদের গরব মোদের আশা' সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে।

গত ২৩শে মার্চ, রাজধানী দিল্লি সংলগ্ন ফরিদাবাদের গ্রীনভ্যালি ফুটবল একাডেমির মাঠে, একটি প্রীতি ফুটবল ম্যাচে অংশ নিয়েছিলেন, রাজধানীর প্রবাসী মোহনবাগান এবং প্রবাসে ইস্টবেঙ্গল সংগঠনের সদস্যবৃন্দ। চরমতম আবেগের এই প্রীতিম্যাচে, প্রবাসে ইস্টবেঙ্গলের সদস্যগণ, ২-১ গোলে জয়যুক্ত হয়েছেন। দিল্লির সংস্কৃতিজগতের সুপরিচিত মুখ নীলাশিষ ঘোষ দস্তিদার, এই প্রীতি ম্যাচে দুর্দান্ত পারফরমেন্সের জন্য, 'প্লেয়ার অফ দ্য ম্যাচ' শিরোপা পেয়েছন।

## রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের বিগত সাংস্কৃতিক সংবাদ

গত ১৬ই মার্চ, আন্তর্জাতিক বাংলা ভাষা সংস্কৃতি সমিতির বিশেষ উদ্যোগে, চিত্তরঞ্জন পার্ক কালী মন্দির সোসাইটির নেতাজী সুভাষ হলে, 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদযাপন উপলক্ষে, 'মাতৃভাষা স্মরণে শ্রদ্ধাঞ্জলি' অনুষ্ঠান পালিত হয়েছে। এই আনন্দ ঘন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বাংলা ভাষা সংস্কৃতি সমিতির সহ সভাপতি ডঃ দীপক রায় চৌধুরী, সাধারণ সম্পাদক শ্রী সুভাষচন্দ্র রায়, বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লির সাধারণ সম্পাদক শ্রী প্রদীপ গাঙ্গুলী, মিরান্ডা হাউস কলেজের প্রাক্তন বাংলা বিভাগীয় প্রধান ডঃ শ্রীমতী চক্রবর্তী, দিল্লির


BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
বিশ্ব নাট্য দিবস
WORLD THEATRE CELEBRATION • 13TH APRIL, 2025, SUNDAY
MUKTADHARA AUDITORIUM • 10 AM ONWARDS

সহচরী গ্রুপের কান্ডারি শিবানী শর্মা সহ আরও অনেক গুণী ব্যক্তিত্ব। মৌসুমী চক্রবর্তীর সঞ্চালনায়, নৃত্য সঙ্গীত ও কবিতা পাঠের মাধ্যমে, একটি মনোজ্ঞ সন্ধ্যার সাক্ষী হয়ে থাকলেন অসংখ্য সংস্কৃতি মনস্ক মানুষ।

গত ২৬শে মার্চ সন্ধ্যায়, রাজধানী দিল্লির লোধি রোড সংলগ্ন ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টারের সি ডি দেশমুখ অডিটোরিয়ামে, মর্যাদাপূর্ণ ডাবল বিল অনুষ্ঠানের অঙ্গ হিসাবে, কলাক্ষেত্র ফাউন্ডেশনের প্রাক্তনী এবং সঙ্গীত নাটক একাডেমি পুরস্কারপ্রাপ্ত, আচার্য জয়লক্ষ্মী ঈশ্বরের শিষ্যা, সুদীপ্তা চক্রবর্তীর একক ভারতনাট্যম নৃত্য প্রদর্শিত হয়।

গত ২৯শে মার্চ, সন্ধ্যায়, চিত্তরঞ্জন ভবন মাল্টিপারপাস হলে, রাজধানী দিল্লি ও সন্নিহিত অঞ্চলের, কিছু অত্যুৎসাহী সংস্কৃতিপ্রেমী ব্যক্তি একসাথে মিলিত হয়ে, এই প্রথমবার, খুব বড় আঙ্গিকে, বিশ্বকবিতা দিবস (World Poetry Day) উপলক্ষ্যে, একটি বিশেষ কবিতা দিবস উদযাপন করলেন। চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটির একান্ত সহায়তায়, এই উৎসব তরীর অন্যতম কান্ডারি ছিলেন, দিল্লির সুপরিচিত গানের দল, 'স্পন্দন'-এর কর্ণধার মধুছন্দা ব্যানার্জী। সেদিন প্রায় ৭০ থেকে ৮০ জন বাচিক শিল্পী, একসাথে মঞ্চে দাঁড়িয়ে সমস্বরে বিখ্যাত কবিদের লেখা সেরা বাংলা কবিতা উচ্চারণ করেছেন। কিছু আঞ্চলিক সুপরিচিত কবি ও বাচিক শিল্পী, যাঁরা বিভিন্ন ভাষার শ্রেষ্ঠ কবিদের অর্থাৎ ভোজপুরি, মারাঠি, মৈথিলী, ইংরেজি, উর্দু সহ আরও অন্য ভাষায় লেখা, বিখ্যাত কবিতাগুলো, একক পরিবেশন করেছিলেন। নবীন প্রজন্মকে উৎসাহ দিতে আয়োজিত এই উদ্যোগে, পরিণত বয়স্ক ব্যক্তিদের সাথে, মঞ্চ ভাগ করে নিয়েছিল রাজধানী শহরের অজস্র শিশুশিল্পী।

গত ৩০শে মার্চ, ইম্প্রেসারিও ইন্ডিয়ার উদ্যোগে, ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টারের সিডি দেশমুখ অডিটোরিয়ামে, 'ডাউন মেমরি লেন - এ ট্রিবিউট টু সলিল চৌধুরী.....শতবর্ষ এবং চিরকালীন' শীর্ষক একটি সান্ধ্যকালীন সাংস্কৃতিক সন্ধ্যায়, গানে গানে সুরে সুরে, শ্রদ্ধার্ঘ্য জানিয়েছেন, রাজধানী দিল্লির দুই অতি জনপ্রিয় জুটি, সুমনা ব্যানার্জী এবং চন্দ্রশেখর বোস।


With Best Compliments From
PEACEFUL | SUCCESSFUL | EVENTFUL
PeSuEv
पेसुएव
“Dedicated to serving the society
through collaborative efforts
with artists and groups to preserve, strengthen
and promote the rich diversity
of our cultural heritage”
PEACEFUL | SUCCESSFUL | EVENTFUL
PeSuEv
पेसुएव

## রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের আগামী সাংস্কৃতিক সংবাদ

আগামী ৫ই এপ্রিল শনিবার, চিত্তরঞ্জন পার্কের বিপিন চন্দ্র পাল অডিটোরিয়ামে, 'পরম্পরা' শীর্ষক একটি অসাধারণ শাস্ত্রীয় সঙ্গীতের আয়োজন করতে চলেছেন, ক্লাসিক্যাল কনসেপ্ট। এই স্বর্ণালী সন্ধ্যায়, ভোকালে অংশ নেবেন, পন্ডিত প্রবীণ গাঁওকার এবং পন্ডিত গৌতম কালে। যন্ত্রানুসঙ্গীতে, বেহালায় পন্ডিত সন্তোষ নাহার, তবলা বাদনে, পন্ডিত রাজনারায়ণ ভট্টাচার্য এবং সৌরভ গোহো, সারেঙ্গী বাদনে তানিশ ধৌলপুরী সহ হারমোনিয়ামে জাকির ধৌলপুরী সহযোগিতা করবেন। অবাধ প্রবেশের মাধ্যমে, সংগীতপ্রেমী সকল ব্যক্তিদের সাদর আহ্বান জানিয়েছেন উদ্যোক্তাগণ।

আগামী ৫ই এপ্রিল, এপিসেন্টার অ্যাপারেল হাউস গুরুগ্রামে, বঙ্গীয় পরিষদ গুড়গাঁও এর বর্ষপূর্তি উৎসব উপলক্ষ্যে, সাংস্কৃতিক সন্ধ্যায়, সঙ্গীত পরিবেশনে উপস্থিত থাকবেন, কলকাতার স্বনামধন্য সঙ্গীতশিল্পী মনোময় ভট্টাচার্য। বঙ্গীয় পরিষদ গুড়গাঁও, বিগত কয়েকবছর ধরে, এই বিশেষ দিনে বাংলার শিল্পীদের আমন্ত্রণ জানিয়ে, দুর্দান্ত সঙ্গীত ও নৃত্যের আয়োজন করে আসছেন। আমন্ত্রণ পত্র সংগ্রহ সহ যেকোনো তথ্যের জন্য আপনারা সরাসরি উদ্যোক্তাদের সাথে যোগাযোগ করতে পারেন।

আগামী ৬ই এপ্রিল, বিপিন পাল অডিটোরিয়ামে, রিনি মুখার্জী ফাউন্ডেশন, লে রিদম ফোরাম ফর কালচার অ্যান্ড এডুকেশন এবং প্রভাস প্রীতি কল্যাণী ট্রাস্ট, হাজারীবাগের সম্মিলিত উদ্যোগে, একটি অসামান্য সঙ্গীতসন্ধ্যার আয়োজন করেছেন। গানে গানে মাতিয়ে তুলতে উপস্থিত থাকবেন, কলকাতার স্বনামধন্য সঙ্গীতশিল্পী মনোময় ভট্টাচার্য। আমন্ত্রণ পত্রের বিপুল চাহিদার কারণে, উৎসাহী ব্যক্তিদের উদ্যোক্তাদের সাথে যোগাযোগের অনুরোধ জানাই।

আগামী ১২-১৩ই এপ্রিল সন্ধ্যায়, ইম্প্রেসারিও ইন্ডিয়ার বিশেষ উদ্যোগে, 'প্যানোরামা অফ বেঙ্গল আর্টস' শীর্ষক দুই দিন ব্যাপী একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রথম দিনের সন্ধ্যায় অর্থাৎ শনিবার, দিল্লির দুই বিশিষ্ট নাট্যদল, দুটি বাংলা নাটক মঞ্চস্থ করবেন। দিল্লির থিয়েটারওয়ালা গ্রুপ সেদিন সন্ধ্যায়, প্রথম নাটক 'সন্ধিক্ষণ' মঞ্চস্থ করবেন। সৌমিত্র বসু রচিত নাটকটির নির্দেশনায় আছেন, বিশিষ্ট বাচিক শিল্পী ও অভিনেতা অয়ন ব্যানার্জী। এরপর দিল্লির উল্লেখযোগ্য নাট্যদল, প্রারম্ভ নাট্য গোষ্ঠী মঞ্চস্থ করবেন, শিশির

কুমার দাসের লেখা, বহু প্রশংসিত 'উত্তরা' নাটকটি। যার নির্দেশনায় আছেন, দিল্লি শহরের প্রখ্যাত অভিনেতা রবিশঙ্কর কর। অনুষ্ঠানের দ্বিতীয় দিনে অর্থাৎ রবিবার সন্ধ্যায়, কলকাতার 'রবি পরম্পরা', 'শুনেছে সে সঙ্গীতের মতো' শীর্ষক, একটি ভিন্নধর্মী গীতি আলেখ্য মঞ্চস্থ করবেন। আমাদের স্বাধীনতা সংগ্রাম এবং সেই সময়ের প্রেক্ষপটে, স্বাধীনতা আন্দোলনের অখ্যাত বীরদের নিয়ে একটি মনোমুগ্ধকর গবেষণাধর্মী বিবরণ এবং সঙ্গীতের মেলবন্ধনে সমৃদ্ধ, এই গীতি আলেখ্যটি নির্দেশনা করেছেন অনিতা পাল।

আগামী ১৫ই এপ্রিল, দিল্লির মন্দির মার্গ সংলগ্ন নিউদিল্লি কালীবাড়িতে, বাংলা নববর্ষ উদযাপনের সাংস্কৃতিক সন্ধ্যায়, সঙ্গীত পরিবেশন করবেন, কলকাতার জনপ্রিয় শিল্পী অমৃতা দত্ত। এই সাংস্কৃতিক সন্ধ্যায়, ইভেন্ট পার্টনার হিসাবে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন, হাজারীবাগের প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্ট।

আগামী ১৫ই এপ্রিল, মঙ্গলবার, দক্ষিণ দিল্লী কালীবাড়ি প্রাঙ্গণে বাংলা নববর্ষ উপলক্ষ্যে, 'বর্ষবরণ ও বঙ্গ সংস্কৃতি উৎসব' আয়োজিত হবে। সেদিনের সাংস্কৃতিক সন্ধ্যায়, সঙ্গীত পরিবেশন করবেন, সঙ্গীত শিল্পী দোলা ব্যানার্জী। অনুষ্ঠান শেষে, কালীবাড়ির প্রথা অনুযায়ী, উপস্থিত সকলকে মিষ্টিমুখ সহ বাংলা ক্যালেন্ডার ও পঞ্জিকা বিতরণ করা হবে। বিস্তারিত বিবরণের জন্য উদ্যোক্তাদের সাথে



যোগাযোগ করার অনুরোধ জানাই ।

আগামী ১৮-২০ এপ্রিল, রাজধানী দিল্লির উল্লেখযোগ্য নাট্যগোষ্ঠী, ‘স্বপ্ন এখন’ প্রস্তুত করতে চলেছেন, অন্তরঙ্গ উৎসব শীর্ষক একটি তিনদিন ব্যাপী থিয়েটার ফেস্টিভ্যাল। কলকাতা ও দিল্লির কয়েকটি বিশিষ্ট নাট্যদল, এই নাট্য উৎসবে অংশ নিয়ে, বাংলা, হিন্দি ও ইংরেজি ভাষার কয়েকটা সেরা নাটক মঞ্চস্থ করবেন। প্রসঙ্গত উল্লেখ্য, এই নাট্য উৎসবকে কেন্দ্র করে, কলকাতা ও দিল্লির নাট্যজগতের বিশেষজ্ঞদের সমন্বয়ে, নাটকের গঠন নিয়ে একটি কর্মশালা এবং নাটকের নানা দিক নিয়ে একটি মনোজ্ঞ আলোচনার আয়োজন করা হয়েছে।

আগামী ৩রা মে শনিবার, হ্যাবিটেট ওয়ার্ল্ডের উদ্যোগে, লোধি রোড সংলগ্ন হ্যাবিটেট সেন্টারের, দ্য স্টেইন অডিটোরিয়ামে, সুদীপ্ত ভৌমিক রচিত ‘শিখন্ডী’ নাটকটি মঞ্চস্থ করা হবে। এই অসামান্য নাটকটি নির্দেশনা করেছেন, কলকাতার বিশিষ্ট নাট্যকার সুমন মুখোপাধ্যায়। বিশেষ ভাবে উল্লেখ্য, কঠোর ভাবে প্রাপ্তবয়স্কদের জন্য নির্মিত এই ইংরেজি নাটকটি, দেখতে হলে আপনারা উদ্যোক্তাদের সাথে যোগাযোগ করে প্রবেশ পত্র সংগ্রহ করতে পারেন।

আগামী ২৫শে মে রবিবার, রাজধানী দিল্লির লোধি রোড সংলগ্ন ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টারের সি ডি দেশমুখ অডিটোরিয়ামে, দিল্লির যাপনচিত্র নাট্যগোষ্ঠী, সমরেশ বসুর ছোটগল্প অবলম্বনে, একটি একাঙ্ক নাটক ‘পাপ’ মঞ্চস্থ করবেন। নাট্যমোদী দর্শকেরা প্রবেশ পত্র সংগ্রহের জন্য উদ্যোক্তাদের সাথে যোগাযোগ করতে পারেন।

## একটি বিশেষ আবেদন

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি এবং সংলগ্ন বাঙালিদের কাছে বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবর ‘অ্যাসোসিয়েশন সংবাদ’ নামক একটা মাসিক ক্ষুদ্র পত্রিকার মাধ্যমে আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করে। যদি আপনারা নিজ এলাকার সাংস্কৃতিক সংবাদ, প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে, আমাদের কাছে সযত্নে পাঠিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে আমরা যথাসম্ভব সেগুলো প্রকাশ করে সবার কাছে পৌঁছে দিতে সচেষ্ট হবো। আপনারা এই সমস্ত সংবাদ, বাংলা, হিন্দি এবং ইংরেজি এই তিনটির যেকোনো ভাষায় আমাদের কাছে ই-মেল (associationsangbad@gmail.com) অথবা আমাকে ব্যক্তিগত হোয়াটস্যাপ (রাজা চট্টোপাধ্যায় - 9810484734) মাধ্যমেও পাঠাতে পারেন।

অঙ্কুর ankur



মদনপুর খাদার অঞ্চলে প্রান্তিক শিশুদের জন্য
বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্কুল 'অঙ্কুর'।

স্কুলটির জন্য সাহায্য করতে এগিয়ে আসুন।
নিচে QR Code স্ক্যান করে মুক্তহস্তে দান করুন।

A GENEROUS STEP TOWARDS THE GROWTH OF EDUCATION,
PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR
**'ANKUR'** OUR PRIMARY SCHOOL AT MADANPUR KHADAR
FOR THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY, CAN GIVE
THEM WINGS TO REACH THE SKY TOMMORROW!

Paytm Accepted Here

Paytm से UPI

PLEASE SCAN THE QR CODE IF YOU WISH
TO CONTRIBUTE FOR THIS NOBLE CAUSE.
IN ORDER TO OBTAIN A RECEIPT
PLEASE SHOW THE SCREEN SHOT
OF THE TRANSACTION AT
BENBAL ASSOCIATION MUKTADHARA OFFICE.

FOR FURTHER INFORMATION
CONTACT: 73034 54989

REGISTRATION No. 1295
of 1958-1959 UNDER SECTION 80G.
PAN: AAAAB0105G

আপনি কি বেঙ্গল অ্যাসোসিয়েশনের
সদস্য হতে চান?

অথবা সদস্যতা নেবার পর
ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?

যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে

ফোন নংঃ
**+91 7303400554**
ইমেলঃ
**bengalassociation1819@gmail.com**

**www.bengalassociation.com**




Editor and Publisher Shri Prodip Ganguly
Published on behalf of Bengal Association, New Delhi.
Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487